# FYUG Even Semester Exam., 2024

## BENGALI

### ( 2nd Semester )

Course No. : BNGDSC–151T

[ বাংলা সাহিত্যের ইতিহাস (বিশ শতক) ]

*পূর্ণমান : ৭০*

*উত্তীর্ণমান : ২৮*

*সময় : ৩ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Learnfo

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। কোন্ কাব্যের জন্য রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার লাভ করেন ?

২। বুদ্ধদেব বসুর প্রথম কাব্যগ্রন্থটির নাম ও তার প্রকাশকাল লেখো।

৩। জীবনানন্দ দাসের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৪। নাট্যকার মন্মথ রায়ের দুটি পৌরাণিক নাটকের নাম লেখো।

৫। পঞ্চাশের মন্বন্তর অবলম্বনে লেখা বিজন ভট্টাচার্যের নাটকটির নাম ও প্রকাশসাল লেখো।

৬। নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

৭। রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম ও শেষ উপন্যাস দুটির নাম লেখো।

৮। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম উপন্যাস কোনটি? উপন্যাসটির প্রকাশসাল লেখো।

৯। 'পথের পাঁচালী' এবং 'ধাত্রীদেবতা' উপন্যাস দুটির রচয়িতার নাম লেখো।

১০। প্রভাতকুমার মুখোপাধ্যায়ের দুটি গল্প-গ্রন্থের নাম লেখো।

১১। জগদীশ গুপ্তের গল্প-গ্রন্থের সংখ্যা কত? তাঁর প্রথম গল্প-গ্রন্থটির নাম লেখো।

১২। গল্পকার প্রেমেন্দ্র মিত্রের জন্ম ও মৃত্যু-সাল লেখো।

১৩। রবীন্দ্রনাথ ঠাকুরের দুটি সাহিত্য সমালোচনামূলক প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

১৪। প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম ও তাঁর সম্পাদিত একটি পত্রিকার নাম লেখো।

১৫। 'সাহিত্য চর্চা' প্রবন্ধ-গ্রন্থটির রচয়িতার নাম ও গ্রন্থটির প্রকাশ-সাল লেখো।







## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য-প্রতিভার পরিচয় দাও।

১৭। "নজরুল ইসলামের কবিতার প্রধান সুর বিদ্রোহ"—আলোচনা করো।

১৮। নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৯। বাংলার গণনাট্য আন্দোলনের পথিকৃৎ হিসাবে নাট্যকার বিজন ভট্টাচার্যের নাট্য-প্রতিভার মূল্যায়ন করো।

২০। রবীন্দ্রনাথ ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় সম্পর্কে বলেছেন —"শরৎচন্দ্র বাঙালীর বেদনার কেন্দ্রে আপন বাণীর স্পর্শ দিয়েছেন।" এই মন্তব্যের আলোকে ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের মূল্যায়ন করো।

২১। ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের সাহিত্যকৃতির পরিচয় দাও।

২২। প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গল্প-সাহিত্যের পরিচয় দাও।

২৩। গল্পকার জগদীশ গুপ্তের গল্প পড়ে রবীন্দ্রনাথ লিখেছেন— "তোমার গল্পে নতুন রূপ ও রস দেখিয়া খুশি হইলাম।" এই মন্তব্যের আলোকে গল্পকার জগদীশ গুপ্তের গল্প-সাহিত্যের আলোচনা করো।

২৪। বাংলা প্রবন্ধ-সাহিত্যে প্রমথ চৌধুরীর অবদান আলোচনা করো।

২৫। বাংলা সমালোচনা সাহিত্যে বুদ্ধদেব বসুর অবদান বিষয়ে তোমার উপলব্ধি ব্যক্ত করো।

★★★

Learnfo